

হাবানা বল



গল্প: নাসরীন মুস্তাফা
অঙ্কন: এএসএম তানভীর হাসান রাজু

বিকেল হতেই সবাই হাজির। সাজু, মিতু, ইমন
সবাই। খেলতে যাবে মাঠে।



জামি বলল, দাঁড়াও বল নিয়ে আসি। বলেই ছুটে
গেল ঘরের ভিতর।





ইস্! ঘরটা এত এলোমেলো!
এখন বল কোথায় খুঁজি?







বলটা কি খাটের উপর?





না। বল খাটের উপর নেই।





বলটা কি টেবিলের এখানে?



না। বল এখানেও নেই।





সাজু ডাকল- জামি, তাড়াতাড়ি এসো।



ঘর থেকে জামি বলল, দাঁড়াও । বলটা খুঁজে পাচ্ছি না ।





আলনার মাঝে? কাপড়ের ফাঁকে কোথাও?





নাহ্ । বলটা এখানেও পাওয়া গেল না ।



আর দাঁড়াতে পারব না, জামি। আমরা চলে গেলাম।
সবাই একসাথে চেষ্টা করে বলল।





۱۶





নিজের ওপর জামির খুব রাগ হলো । বলটা পাওয়া
গেল না । তবে ঘরটা এখন বেশ গোছানো হয়েছে!



এবার ঐ বাক্সটা নামানো দরকার।





আরে, এই তো আমার বল!



পরের দিন । আজ সময়মতো খেলতে পারছে সবাই ।

